



প্রেস বিজ্ঞপ্তি

০২ মে-২০২৪

## এখন আর প্রশাসনিক হয়রানির শিকার হয় না জুয়েলারিরা

সায়েম সোবহান আনভির বাজুসের সভাপতি হওয়ার পর আমরা প্রশাসনিক অনেক কথা বলতে পারছি। আগে যেটা আমরা বলতে পারতাম, এটা আমাদের কাছে সবচেয়ে বড় পাওয়া। এখন আমরা আপনাদের স্বর্ণগুলো সেফটিতে রাখতে পারছি।

বৃহস্পতিবার বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) এর চাঁপাইনবাবগঞ্জ জেলা শাখার মতবিনিময় সভায় এসব মন্তব্য করেন বণীরা।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে বাজুসের সহ-সভাপতি জয়নাল আবেদীন খোকন বলেন, বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের নেতৃত্বে সারাদেশের স্বর্ণ ব্যবসায়ীরা ঐক্যবদ্ধ হয়েছে। এখন আর আগের মতো প্রশাসনিক হয়রানি হতে হয়না আমাদের। তার বলিষ্ঠ নেতৃত্বে বাজুস আগামীতে আরও এগিয়ে যাবে।

মতবিনিময়কালে বাজুস কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মোঃ জয়নাল আবেদীন খোকন সদস্যদের বিভিন্ন সমস্যা ধৈর্যসহকারে শুনেন এবং তার সমাধান দেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাজুস কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদক উত্তম ঘোষ। এতে সভাপতিত্ব করেন চাঁপাইনবাবগঞ্জ জেলা শাখার সভাপতি মো. মোস্তাকিম। আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী সদস্য আলী হোসেন।

দেশের ঐতিহ্যবাহী সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের সাংগঠনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে দেশব্যাপী সাংগঠনিক সফর করছে কেন্দ্রীয় নেতৃত্ব। এই সফরের অংশ হিসেবে বৃহস্পতিবার চাঁপাইনবাবগঞ্জ জেলা শাখার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

ধন্যবাদসহ

রশেদ রহমান অমিত

মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট

মোবাইলঃ ০১৭৭৪৪৩১৩৮৭